

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০১১.২০১৬-২১৬

তারিখঃ ০৮-০৩-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ এলডিসি স্ট্যাটাস থেকে বাংলাদেশের উত্তরণ উদযাপন উপলক্ষ্যে কার্যক্রম গ্রহণ

সূত্র: বাজেট অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগের ২৫/০২/২০১৮ তারিখের ৪৫.১৩৯.১১৪.০০.০০.০০৩.২০১৮.১৭০ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গত ২০/০২/২০১৮ তারিখে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে এলডিসি স্ট্যাটাস থেকে বাংলাদেশের উত্তরণ উদযাপন উপলক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার নিম্নোক্ত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল:

- (ক) ২০ মার্চ, ২০১৮ হতে ২৫ মার্চ, ২০১৮ পর্যন্ত সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা সপ্তাহ পালন করা হবে এবং আগামী ২২ মার্চ, ২০১৮ তারিখে সকল সরকারি হাসপাতালে ভর্তিকৃত রোগীদের উন্নতমানের পথ্য সরবরাহ করতে হবে।
- (খ) সেবা সপ্তাহ পালন উপলক্ষ্যে মুক্তিযোদ্ধা/দুস্থ/গরীব রোগীদের বিনামূল্যে ব্লাড সুগার, ব্লাড প্রেশার, ইসিজি, এক্সরে ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।
- (গ) হাসপাতালসমূহে কর্মরত সকল চিকিৎসক, নার্স, কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত পোষাক পরিধান করে যথাসময়ে হাসপাতালে উপস্থিত থাকতে হবে এবং হাসপাতালগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- (ঘ) স্বাস্থ্য সেবা বিভাগের উল্লেখযোগ্য অগ্রগতি লিফলেট, বানার, পোষ্টার ও ফেস্টুন ইত্যাদির মাধ্যমে জনগণকে অবহিত করতে হবে।

(রেখনা ইয়াছমিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াফারী অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল (সকল)
- ৪। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন, জেলা/জেনারেল হাসপাতাল (সকল)
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।